**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

## M-CORPS কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে জলবায়ু প্রযুক্তি উৎপাদন এবং পণ্য নিয়ে আসতে গভর্নর হোকলের 3.7 মিলিয়ন ডলারেরও বেশি অর্থায়নের ঘোষণা

***এই কর্মসূচি জলবায়ু প্রযুক্তি সম্প্রসারণের জন্য স্থানীয় সাপ্লাই চেইন পার্টনারদের সাথে স্টার্টআপগুলোকে সংযুক্ত করবে***

***2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 85 শতাংশ কমিয়ে আনার জন্য জলবায়ু আইনের লক্ষ্যকে সমর্থন করে***

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটে উদ্ভাবনী জলবায়ু প্রযুক্তি অথবা জলবায়ু প্রযুক্তি উৎপাদন ও পণ্য নিয়ে আসতে 3.7 মিলিয়ন ডলারেরও বেশি অর্থায়ন সম্পর্কে ঘোষণা করেছেন। M-Corps কর্মসূচি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে সংযুক্তির অগ্রাধিকারসহ, স্টার্টআপগুলোকে স্থানীয় সাপ্লাই চেইন পার্টনার, প্রস্তুতকারক ও সরবরাহকারীদের সাথে এমন পণ্য সম্প্রসারণ করতে সংযুক্ত করবে যা গ্রীনহাউস গ্যাস কমায় অথবা জ্বালানি খরচ কমিয়ে আনে। এই ঘোষণা স্টেটের দেশের নেতৃস্থানীয় জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের 2050 সালের মধ্যে কার্বন নির্গমনের পরিমাণ 1990 সালের তুলনায় 85 শতাংশ কমিয়ে আনার লক্ষ্যকে সমর্থন করে।

"জলবায়ুর ক্ষেত্রে নেতৃস্থানীয় হিসেবে, নিউ ইয়র্ক এমন সব কোম্পানির সাথে আগ্রাসীভাবে কাজ করছে যারা নতুন প্রযুক্তি নিয়ে আসতে পারে কারণ আমরা গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে এবং আমাদের উচ্চাভিলাষী জলবায়ু লক্ষ্যে পৌঁছানোর জন্য কাজ করছি।" **বলেছেন গভর্নর হোকল।** "এই উদ্যোগ অর্থনৈতিক সুযোগ ও স্থানীয় সাপ্লাই চেইনকে সমর্থন করার জন্য, কোম্পানিগুলোকে আমাদের ক্রমবর্ধমান সবুজ অর্থনীতিতে যোগ দিতে এবং সুবিধাবঞ্চিত অঞ্চলে অবস্থিতসহ, স্টেট জুড়ে উৎপাদন ফ্যাসিলিটির সাথে সংযুক্ত করতে আকৃষ্ট করবে, কারণ আমরা জলবায়ু পরিবর্তন মোকাবেলায় আমাদের কাজ করে যাচ্ছি।"

NYSERDA-এর সাথে কাজ করার জন্য নিউ ইয়র্ক স্টেট জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রতিযোগিতামূলকভাবে একটি প্রোগ্রাম অ্যাডমিনিস্ট্রেটর নির্বাচন করবে যা উৎপাদন উন্নয়ন প্রক্রিয়া সম্পর্কিত মূল সিদ্ধান্তের মাধ্যমে স্টার্ট-আপগুলোকে গাইড করবে। অ্যাডমিনিস্ট্রেটর সাপ্লাই চেইন সম্পর্ক এবং অংশীদারিত্বকে সহজতর করবে, জলবায়ু প্রযুক্তি স্টার্টআপকে

অপারেশনাল ও প্রোগ্রামিং সহায়তা প্রদান করবে এবং তাদেরকে স্থানীয় রিসোর্সের সাথে সংযুক্ত করবে। সফলভাবে বাজারে নতুন পণ্য আনতে সহায়তা করার জন্য প্রোগ্রাম অ্যাডমিনিস্ট্রেটরকে 3.7 মিলিয়ন ডলার পর্যন্ত বরাদ্দ প্রদান করা হবে।

**নিউ ইয়র্ক স্টেট জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের রিসোর্সের সাথে বিশ্বব্যাপী উদ্ভাবকদের সংযুক্ত করাটা উদ্যোক্তাদের গেম-চেঞ্জিং সহায়তা প্রদান করে যা জলবায়ু স্থিতিশীলতা এবং পরিচ্ছন্ন জ্বালানিকে এগিয়ে নিতে পারে। কোম্পানিগুলোকে উৎপাদনের ক্ষেত্রে বাজারের বাধা অতিক্রম করতে সহায়তা করাটা সাফল্যের পথ প্রশস্ত করে এবং ভোক্তাদের টেকসই পণ্য প্রাপ্তির সংখ্যা বাড়িয়ে তুলতে পারে যার ফলে ক্ষতিকারক নির্গমন হ্রাস পায়।"

**নিউ ইয়র্ক পাবলিক সার্ভিস কমিশনের সভাপতি রোরি এম. ক্রিস্টিয়ান বলেন,** "আমাদের পরিবেশ রক্ষা ও উন্নত করার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতি অবিচল রয়েছে। যেহেতু আমরা CLCPA দ্বারা নির্ধারিত কঠোর লক্ষ্যের দিকে অগ্রসর হচ্ছি, M-Corps এর মতো কর্মসূচি নিউ ইয়র্ক স্টেটে পরিচ্ছন্ন জ্বালানি জনবল তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন,** "NYSERDA এর M-Corps কর্মসূচি নিউ ইয়র্ক স্টেটকে উদ্ভাবন ও সমতার মাধ্যমে তার উচ্চাভিলাষী জলবায়ু লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করবে। জলবায়ু প্রযুক্তির স্টার্টআপ ও স্থানীয় অংশীদারদের একত্রিত করে এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিকে অগ্রাধিকার দিয়ে, এই প্রচেষ্টা পরিবেশের উপকার করবে এবং আমাদের সবুজ অর্থনীতিকে গড়ে তুলবে।

**নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন,** "ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের সহ-সভাপতি হিসেবে, যেসব যুগান্তকারী উদ্যোগ কোম্পানিগুলোকে আমাদের দেশের-নেতৃস্থানীয় সবুজ অর্থনীতিতে আকৃষ্ট করবে, সেগুলো বাস্তবায়ন করতে গভর্নর হোকলের সাথে কাজ চালিয়ে যেতে পেরে আমি গর্বিত। এই অর্থায়ন নিউ ইয়র্ক স্টেট জুড়ে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে উৎসাহিত করতে সাহায্য করবে এবং আমাদের পৃথিবীকে রক্ষা করার পাশাপাশি নিউ ইয়র্কবাসীদের জন্য উচ্চ-বেতনের, সবুজ ক্যারিয়ার নিয়ে আসতে সাহায্য করবে।"

NYSERDA 4 জানুয়ারি, 2023 তারিখ পর্যন্ত যোগ্য সংস্থাগুলোর কাছ থেকে আবেদন গ্রহণ করবে। আবেদনকারীদের অবশ্যই জলবায়ু প্রযুক্তি হার্ডওয়্যার এবং স্টার্টআপ বাণিজ্যিকীকরণে দক্ষতা প্রদর্শন করতে হবে এবং নিউ ইয়র্ক স্টেট সম্পর্কে স্থানীয় জ্ঞান এবং নিউ ইয়র্কের প্রস্তুতকারক ও সরবরাহকারীদের সাথে সম্পর্ক থাকতে হবে। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে 30 নভেম্বর, 2022 তারিখে 1:00 p.m. ET তে অনুষ্ঠিতব্য ওয়েবিনারের জন্য নিবন্ধন করুন।

এই কর্মসূচি NYSERDA সমর্থিত M-Corps কর্মসূচির পূর্ববর্তী সংস্করণকে প্রতিস্থাপন করে। 2017 সাল থেকে, NYSERDA এর টেকনোলজি টু মার্কেট (Technology to Market) কর্মসূচি 107 মিলিয়ন ডলার বিনিয়োগ করেছে এবং প্রায় 500 গ্রাহককে সহায়তা করেছে, যার ফলে 2,200টিরও বেশি কর্মসংস্থান, বেসরকারি ও সরকারি বিনিয়োগে 1.6 বিলিয়ন ডলার, স্টার্টআপ

কোম্পানির 600 মিলিয়ন ডলার রাজস্ব এবং 300টি পণ্য বাণিজ্যিকীকরণ করা হয়েছে। এছাড়াও, M-Corps প্রযুক্তি কর্মসূচি 50টিরও বেশি কোহর্ট কোম্পানির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছে যা এই চার বছরে 400 মিলিয়ন ডলারেরও বেশি মূলধন সংগ্রহ করেছে এবং 30 মিলিয়ন ডলারেরও বেশি রাজস্ব আয় করেছে।

এই উদ্যোগের জন্য স্টেটের 10 বছর মেয়াদী 5.3 বিলিয়ন ডলারের নির্মল বিদ্যুৎ তহবিলের (Clean Energy Fund) মাধ্যমে অর্থায়ন করা হয়েছে। এই তহবিল সম্পর্কে আরো তথ্য NYSERDA-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

## নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতিকে সামনে এগিয়ে নিয়ে যাবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 1990 সালের তুলনায় 85 শতাংশ কমিয়ে আনবে, সেই সাথে পরিচ্ছন্ন জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে, এবং অন-সাইট জ্বালানি ব্যবহার কমানোর জন্য স্টেটের 2025 সালের জ্বালানি দক্ষতার লক্ষ্যমাত্রার দিকে অগ্রসর হবে যা শেষ-ব্যবহারকারীর 185 ট্রিলিয়ন BTU জ্বালানি সাশ্রয় করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418